



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্র.বি/২০০৯/৪১৭

তারিখ: ১৪/১২/২০২৩ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে নানা কর্মসূচীর মধ্য দিয়ে বিন্দু শ্রদ্ধায় শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত হয়েছে। কর্মসূচীর মধ্যে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ ও কালো পতাকা উত্তোলন, সকাল ১০.২০ টায় কালো ব্যাজ ধারণ ও শোক র্যালি, সকাল ১০.৪০ টায় বিশ্ববিদ্যালয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ, সকাল ১১.০০ টায় বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ ও সংক্ষিপ্ত আলোচনা এবং বাদ যোহর শহীদ বুদ্ধিজীবীদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া করা হয়।

শহীদ মিনার ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ শেষে এক সংক্ষিপ্ত ভাষণে মাননীয় উপাচার্য প্রফেসর ড. এ এফ এম আবদুল মঈন বলেন, ১৯৭১ সালের পাকিস্তান হানাদার বাহিনী বাংলাদেশকে মেধা শূন্য করতে এদেশের বুদ্ধিজীবীদের হত্যা করে। একটি দেশের উন্নয়নের পিছনে বুদ্ধিজীবীরা সবচেয়ে বড় ভূমিকা পালন করেন। এদেশে আগে যেমন বুদ্ধিজীবী ছিল এখনো রয়েছে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সবসময় বুদ্ধিজীবীদের শ্রদ্ধা করতেন। তাঁর কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাও বুদ্ধিজীবীদের অত্যন্ত শ্রদ্ধা করেন।

মাননীয় উপাচার্য আরও বলেন, আমরা যারা শিক্ষক তাঁরাও বুদ্ধিজীবীদের একটি অংশ। আমাদের প্রগতির দিকে হাঁটা উচিত, যেখানে আমাদের পিছুটান থাকবে না। আমাদের নৈতিকতা ঠিক রাখতে হবে, আমাদেরকে বুদ্ধিজীবীদের চেতনায় উজ্জীবিত হতে হবে। মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে দূর্বীর গতিতে। তিনি শিক্ষকদেরকে নৈতিক ও বুদ্ধিবৃত্তিক জায়গায় কাজ করার আহ্বান জানান।

(মোহাম্মদ এমদাদুল হক)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা-৩৫০৬

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি